

18(A)

UG-III/Beng/VII(H)/22

2022

BENGALI

[HONOURS]

Paper : VII

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৫ = ৫$

- ক) “এখন এইসব শ্রেণীশত্রু মারার নামে এ্যানার্কি তৈরি করলে বাঙালি মিডলক্লাস সেটেল্ড হতে পারবে” — এই উক্তি কে করেছেন?
- খ) ‘আমি শুভ্রা গো শুভ্রা আমায় মেরো না।’
— শুভ্রার পরিচয় দাও।
- গ) নদীর ধারে সাহেবদের কুঠির বাগানে অপু কী দেখেছিল?
- ঘ) নিতাইয়ের বন্ধু রাজেনের পেশা এবং সামাজিক পরিচয় লেখো।
- ঙ) সুহাসিনী পলের নিজস্ব বয়ানে পিতৃ পিতামহের যে পরিচয় প্রকাশিত তা লেখো।
- চ) নিতাইয়ের পিতা ও পিতামহের জীবিকা কী ছিল?
- ছ) অমলা অপুকে ছাড়া কাকে দলে নিয়ে খেলতে চেয়েছিল?
- জ) শশাঙ্ক কবিরাজের প্রথমা স্ত্রীর দেহাবসান কীভাবে হয়েছিল?

[পরের পাতায়]

২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) “তৈঁতুল তলাটা পার হয়ে মজা দ্যাখগা” — কে কখন এই কথা বলেছে? এখানে কোন্ মজার উল্লেখ করা হয়েছে?
- খ) ‘অবিলম্বেই দেখা গেল শশাঙ্ক কবিরাজের অত্রস্থ বন্ধুবর্গের মধ্যে দুইটি বিষয়ে একেবারে মতভেদ নেই’ — বিষয় দুটি সবিস্তারে প্রকাশ করো।
- গ) নিতাই কিভাবে শিক্ষার আলো পেয়েছিল?
- ঘ) “মাধবের বুক খরখর করে কাঁপতে থাকে। বিস্ময়ের শিহরণটা যেন শরীরের রক্তের ভিতর ছুটোছুটি করছে” — মাধবের এমন অনুভবের কারণ কি?
- ঙ) ‘অগ্নিকাণ্ডে সে মহামন্ত্র, মনে হয় আগুন ধরিয়ে দিয়েছে সেই’। — এখানে কোন্ প্রসঙ্গে কার আগুন লাগানোর কথা বলা হয়েছে?
- চ) “সেই তিনি বার-তিনেক আসিয়াছিলেন — স্বপ্নের মত মনে পড়ে” — এখানে কোন্ চরিত্রের কাকে মনে পড়ার কথার উল্লেখ করা হয়েছে?
- ছ) ‘কোথা যাবি তুই এই রেতে?’ — কে, কাকে এই প্রশ্ন করেছিল? প্রত্যুত্তরে সে কী বলেছিল?
- জ) ‘চাকরি-বাকরির কথা সব বলে ফেললাম, শুয়োরের বাচ্চারা আমার কেঁরিয়ার নষ্ট করে দেবে’ — একথা কে, কোন্ প্রসঙ্গে বলেছে?
- ঝ) ‘পথের পাঁচালী’ উপন্যাস কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

18(A)

[2]

- এ) 'উলগুলানের মরণ নাই' এই টীকার কে করেছিল? তার পরিণতিই বা কী হয়েছিল?
- ট) ছোটনাগপুর অঞ্চলের নামকরণ কীভাবে হয়েছে?
- ঠ) নোটন মোহান্তকে প্রণাম করে হাত বাড়াতে তিনি তাকে কী দিলেন? এরপর নোটন কী করলো?
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৫ = ৩০$
- ক) 'তাসের ঘর' ছোটগল্পে মমতার আঠারো বৎসরে শ্রদ্ধাভক্তি ভালবাসার সুনামের কীভাবে মুহূর্তের অবিবেচনায় ভরাডুবি ঘটল — তার পরিচয় দাও।
- খ) শকুন কিসের প্রতীক? ছোটগল্পটির অনুসরণে তার ব্যাখ্যা দাও।
- গ) দৈত্যকুলে প্রহ্লাদ—নিতাইয়ের সম্পর্কে এই মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।
- ঘ) বীরু রায় কে ছিলেন? তাঁর জীবনে কোন্ ভয়ঙ্কর ঘটনা ঘটেছিল? এই ঘটনাটির গুরুত্ব নির্দেশ করো।
- ঙ) 'কৌন্তেয়' কথাটি সুবোধ ঘোষের এই গল্পে কী কারণে ব্যবহৃত? এই প্রসঙ্গে সুহাসিনী পলের চরিত্রটি বিশ্লেষণ করো।
- চ) 'শশাঙ্ক কবিরাজের স্ত্রী' গল্পটি পুরুষতান্ত্রিক সমাজের সংকটাপন্ন এক প্রতিচ্ছবি — আলোচনা করো।
- ছ) 'পরের বাড়ি নিতান্ত পরাধীন অবস্থায় চোরের মত থাকা সর্বজয়ার জীবনে এই প্রথম'। — সর্বজয়ার জীবনের দুটি পর্বের তুলনামূলক আলোচনা করো।

- জ) 'কবি' উপন্যাসে ও নিতাইয়ের জীবনে বসন চরিত্রের গুরুত্ব আলোচনা করো।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$
- ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসের ঐতিহাসিক প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা করে ঔপনিবেশিক ব্যবস্থার অবদমনের মধ্যেও যে স্বপ্নের অঙ্কুর আছে; তার সার্থক রূপায়ণ সম্পর্কে আলোচনা করো।
- খ) "পথের দেবতা প্রসন্ন হাসিয়া বলেন — মূর্খ বালক, পথ তো আমার শেষ হয়নি ...।"
- এই অনন্ত পথের আকর্ষণ অপূর জীবনে সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত কীভাবে সার্থকতা পেয়েছে?
- গ) 'ভুখা ভগবান' গল্পটি প্রতিবাদী চেতনার জ্বলন্ত প্রকাশ— সমকালের প্রেক্ষিতে তা কতখানি বাস্তবোচিত হয়ে উঠেছে নির্ণয় করো।
- ঘ) 'তাসের ঘর' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।
- ঙ) 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।
- চ) "পথের পাঁচালী" নিম্নবিত্ত জীবন পরিসরে মর্ত্যপ্রীতির এক অসামান্য দলিল' — লেখকের রচনায় এই মর্ত্যপ্রীতির সৌন্দর্যের কয়েকটি অনুযুক্ত উদাহরণসহ বিশ্লেষণ করো।